

## ওয়েষ্টমিডে বাংলাদেশী দোকান



ওয়েষ্টমিড রেল স্টেশনের ঠিক সামনে, রাস্তার ওপারে একটা ছোট্ট শপিং সেন্টার আছে। সিটি থেকে ফেরার সময় হাতের ডানদিকে। দোতারা বিল্ডিং। ওপর তলায় একটা পাব নিচে শপিং সেন্টার। ঢুকলেই চোখে পড়বে। সরদার ইন্ডিয়ান গ্রোসারিস। নাম শুনে মনে হবে পাগড়ি পরা কোন সরদার জী 'র দোকান কিন্তু তা নয়। মালিক আরিফুর রহমান সরদার এবং তার স্ত্রী সামসুন নাহার শর্মি একশো ভাগ বাঙালী।

আরিফ ২০০৩ সালে অষ্ট্রেলিয়ায় আসেন একাউন্টিং পড়তে। লেখাপড়া শেষ করে চাকরীর চেষ্টা করেছেন কিছুদিন। টেলিফোন মোবাইল ফোন বিক্রী করেছেন

বাড়ি বাড়ি গিয়ে। শর্মি হেয়ার ডেসিগ এর ওপর কোর্স করেছেন দুই বছর। ১লা মার্চ থেকে দুজনে মিলে চালাচ্ছেন এই দোকান। নতুন দোকান, মাছ, মাংস, সজ্জি, চাল, ডাল, মিষ্টি - পাওয়া যায় মোটামুটি সবকিছুই। খোলা থাকে সকাল ৯টা থেকে রাত ১০টা পর্যন্ত। ওয়েষ্টমিডে প্রায় সব ট্রেনই থামে, দোকানটাও স্টেশনের খুব কাছে, তাই ওয়েষ্টমিডের পশ্চিম থেকে যারা প্রতিদিন সিটিতে যান তাদের খুব সুবিধা হবে। ফেরার পথে একটু থেমে, দেশী কায়দায় হাতে একটা রুই মাছ বুলিয়ে বা এক প্যাকেট মিষ্টি নিয়ে ঘরে ফিরলে পরিবারে আপনার কদর বৃদ্ধি পেতে বাধ্য।



আরিফ এবং শর্মি



৩৫ ডলারের শপিং করলে জিনিস আপনার বাড়িতে পৌঁছে দেবার ব্যবস্থা আছে। ফোন করে জেনে নিন। দোকানের ঠিকানাঃ

Sardar Indian Groceries  
Shop No. 3,  
24-26 Railway Ped,  
Westmead.

Phone: 9687 0902  
Fax: 9687 0939